যুগান্তর
20 APR 2016
১৮ 8

### জবিতে ছাত্রীকে অনৈতিক প্রস্তাবের অভিযোগ

# তিন শিক্ষক ও অভিযোগকারী ছাত্রীকে জিজ্ঞাসাবাদ

**জবি প্রতিনিধি**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের এক ছাত্রীকে অনৈতিক প্রস্তাব এবং হুমকির অভিযোগে অভিযুক্ত শিক্ষকদের ও অভিযোগকারী শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদ করেছে তদন্ত কমিটি। মঙ্গলবার প্রায় ৪ ঘণ্টাব্যাপী জিজ্ঞাসাবাদের পাশাপাশি সংশ্লিষ্টদের সঙ্গে বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। এদিকে অভিযুক্ত শিক্ষকরা ষড়যন্ত্রের শিকার হয়েছেন দাবি করে তাদের পক্ষে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের এক ছাত্রীকে অনৈতিক প্রস্তাব ও হুমকির অভিযোগের পরিপ্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটির সদস্যরা মঙ্গলবার বিকাল ৩টার দিকে বৈঠকে বসেন। সেখানে তদন্ত কমিটি অভিযুক্ত শিক্ষক মীর মোশারেফ হোসেন (রাজীব মীর) ও তার সহযোগী হিসেবে অভিযুক্ত অপর দুই শিক্ষিকাকে জিজ্ঞাসাবাদ করা হয়। তাছাড়া জিজ্ঞাসাবাদ করা হয় অভিযোগকারী শিক্ষার্থীকেও। এরপর বিভিন্ন বিষয় নিয়ে আলোচনায় বসেন কমিটির সদস্যরা। রাত প্রায় ৭টার দিকে শেষ হয় ওই বৈঠক।

তদন্ত কমিটির আহ্বায়ক ও বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. সেলিম ভূঁইয়া যুগান্তরকে বলেন, বিষয়টি খুবই স্পর্শকাতর হওয়ায় আরও তদন্ত প্রয়োজন। তদন্তের স্বার্থে এ বিষয়ে আর কোনো মন্তব্য করতে রাজি হননি তিনি।

**শিক্ষকদের পক্ষে মানববন্ধন :** এদিকে অভিযুক্ত শিক্ষকরা ষড়যন্ত্রের শিকার হয়েছেন দাবি করে তাদের পক্ষে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। 'গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীবৃন্দ' ব্যানারে আয়োজিত ওই মানববন্ধনে তারা প্রশাসনের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানান। পরে শিক্ষার্থীদের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ইতিপূর্বে বিভাগের বর্তমান চেয়ারপারসনের নানা অনিয়মের বিরুদ্ধে প্রতিবাদ জানান ওই তিন শিক্ষক। এতে ক্ষুব্ধ হয়ে বর্তমান চেয়ারপারসন এসব পরিস্থিতি সৃষ্টি করেছেন। বিজ্ঞপ্তিতে শিক্ষার্থীরা শিক্ষকদের বিরুদ্ধে প্রশাসনের নেয়া শাস্তিমূলক ব্যবস্থা প্রত্যাহরের দাবি জানান।